



Prince William County

PUBLIC SCHOOLS

Providing A World-Class Education

BENGALI

প্রিয় পিতামাতা/অভিভাবক:

আপনি এবং আপনার পরিবার আমাদের বৈচিত্র্যপূর্ণ সম্প্রদায়ের সদস্য হওয়ায় আমরা আনন্দিত, এই সম্প্রদায়ে এখন একশোর বেশি ভাষায় কথা বলা হয়। Prince William County পাবলিক স্কুল প্রতিটি ছাত্রকে *বিশ্বমানের শিক্ষা* দিতে প্রতিশ্রুতিবদ্ধ। যেহেতু এই প্রক্রিয়ায় পারিবারের অংশীদারি গুরুত্বপূর্ণ, তাই আমরা প্রতিটি পিতামাতা এবং অভিভাবককে বুঝতে সাহায্য করতে এবং তাদের বাচ্চার শিক্ষায় সংশ্লিষ্ট হতে সন্তুষ্টের সঙ্গে কিছু মৌলিক তথ্য প্রদান করি।

স্কুলের সমস্ত সামগ্রী ইংরেজিতে প্রদান করা হয়; যদিও, আমরা আমাদের এলাকার সাধারণত সবচেয়ে অনুরোধ করা অন্য ভাষাগুলিতে মূল দস্তাবেজগুলি এবং তথ্য ক্রমাগত অনুবাদ করি।

Prince William County পাবলিক স্কুল এর ওয়েবসাইট-pwcs.edu- এবং পৃথক পৃথক স্কুলের সাইটগুলি, উভয় থেকেই অধিকাংশ ভাষার বক্তারা গুরুত্বপূর্ণ এবং নিয়মতভাবে আপডেট করা তথ্য পেয়ে উপকৃত হতে পারেন। সবগুলিতেই বিশিষ্ট Google Translation tool রয়েছে, যেটি 50টিরও বেশি ভাষায় সীমিত অনুবাদের প্রস্তাব করছে। কম্পিউটারের দ্বারা করা অনুবাদগুলি প্রায়ই ত্রুটিপূর্ণ হয়, কিন্তু তা সত্ত্বেও স্কুল তথ্যে মূল্যবান অবদান রাখে। আপনি যদি বাড়িতে কম্পিউটার ব্যবহার করতে না পান, তাহলে আপনি যেকোনো সর্বজনীন গ্রন্থাগারে আপনি তা ব্যবহার করতে পারেন।

সবচেয়ে গুরুত্বপূর্ণ, স্কুল ডিভিশন বেশিরভাগ ভাষাভাষীদের জন্য, ছাত্র এবং পিতামাতার অধিকার, দায়িত্ব, প্রত্যাশা সম্পর্কে এবং স্কুল সম্পর্কিত অন্য সমস্যাগুলি ও ছাত্রেরা কিরকম সুবিধা এবং পরিষেবা পেতে পারে সেই সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সমন্বিত দস্তাবেজগুলি বুঝতে সাহায্য করতে পেশাদার দোভাষীদের নিয়োগ করে। এইসব বিষয় সম্পর্কে পিতামাতাদের নিয়ে করা সম্মেলনগুলিতে সবাইকে পরস্পরের পরামর্শ পৌঁছাতে এবং বুঝতে পারার জন্য নিশ্চিত করতে দোভাষীরা সহায়তা করতে পারে। পরিবারবর্গকে এই পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয়।

যখন আপনার নির্দিষ্ট কোনো সহায়তার প্রয়োজন হবে তখন এইসব পদ্ধতির মধ্যে যেকোনোটি ব্যবহার করুন।

- অনলাইন – আপনার নিজের ভাষায় পৃষ্ঠা দেখতে translations.pwcs.edu এ যান
- স্বয়ং – আপনার বাচ্চার স্কুল পরিদর্শন করুন। আপনার ভাষার কোনো বক্তা উপলব্ধ পাওয়ার সম্ভবনা কম। যদিও একজন কর্মী আপনাকে সাহায্য করতে তথ্য সংগ্রহ করার জন্য একটি পোস্টার এবং প্রশ্নাবলী ব্যবহার করবে।

DR. STEVEN L. WALTS
Superintendent of Schools

সমস্ত ক্ষেত্রেই, আপনার নিম্নলিখিত তথ্যগুলি জানতে চাওয়া হবে:

- আপনার নাম এবং আপনার বাচ্চার নাম;
- আপনার বাচ্চার স্কুল, গ্রেড লেভেল এবং শিক্ষকের নাম;
- যে ব্যক্তির (নাম বা কাজ) সঙ্গে আপনি কথা বলতে চান, আলোচনার বিষয়বস্তু;
- আপনাকে পাওয়ার সর্বোত্তম সময় এবং দূরাভাষ নম্বর।

আপনার বাচ্চা যদি স্কুল থেকে বাড়িতে একটি মিটিংয়ের অনুরোধ বার্তা নিয়ে আসে; বা আপনি যদি শিক্ষক বা স্কুলের অন্যান্য আধিকারিকের সঙ্গে কোনো আলোচনার ব্যবস্থা করতে ইচ্ছুক হন, তাহলে এই গুরুত্বপূর্ণ কথোপকথনে সাহায্য করতে জন্য একজন দোভাষীর জন্য উপরের পদ্ধতি ব্যবহার করুন। কেউ না কেউ আপনার সঙ্গে যত তাড়াতাড়ি সম্ভব যোগাযোগ করবে।

আপনার বাচ্চার শিক্ষায় আপনার জড়িয়ে পড়া একটি ইতিবাচক পার্থক্য করতে পারে, এবং আপনার কাছে এই পরিষেবাগুলি উপলব্ধ করার মাধ্যমে আপনাকে সহায়তা করতে আমরা আগ্রহী। আমরা আশা করছি এই চিঠি আপনার বাচ্চা এবং আপনার প্রতি Prince William County পাবলিক স্কুল এর প্রতিশ্রুতি স্পষ্টভাবে জানাবে। আমি নিশ্চিত যে বিশ্বমানের শিক্ষা দিতে প্রত্যেক ছাত্রের জন্য আমাদের ইচ্ছা আপনি ভাগ করবেন।

বিনীত,



Dr. Steven Walts

স্কুল অধীক্ষক

* pwcs.edu পরিদর্শন করার সময়, বার্তায় বর্ণিত তথ্য সমন্বিত পৃষ্ঠাসমূহ খুঁজতে রঙিন গ্লোব দেখুন।

